

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জনপ্রশাসন মন্ত্রণালয়
 বিধি-১ শাখা।
(www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩- ১২৭

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩০
 ২৩ মে ২০২৩

পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত সকল মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭-৯ গ্রেডের এবং ১০-১২ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি।

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭-৯ গ্রেডের এবং ১০-১২ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদানের জন্য পূর্বে জারিকৃত পরিপ্রেক্ষমূহূর্ব রাহিত করিয়া নিম্নরূপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি গঠন করা হইল:

(১) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত সকল মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭-৯ গ্রেডের পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি:

(ক) কমিটির গঠনঃ

| | | |
|----|--|------------|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্মসচিব/সম পর্যায়ের কর্মকর্তা | সদস্য সচিব |

(খ) কমিটির কার্যপরিধিঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন ক্ষেত্রে এর ৭-৯ গ্রেডের পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন ক্ষেত্রে এর ৭-৯ গ্রেডের পদে উচ্চতর টাইম ক্ষেত্রে/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন ক্ষেত্রে, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেই ক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(✓)

(২) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভুত সকল মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ১০-১২ গ্রেডের পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি:

(ক) কমিটির গঠন:

| | | |
|----|--|------------|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/সম পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য সচিব |

(খ) কমিটির কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন ক্ষেত্র এর ১০-১২ গ্রেডের পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন ক্ষেত্র এর ১০-১২ গ্রেডের পদে উচ্চতর টাইম ক্ষেত্র/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। কমিটিতে সমপর্যায়ের কর্মকর্তা না থাকিলে সেইক্ষেত্রে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাইবে;

৪। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)

সিনিয়র সচিব

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব/সচিব,সকল মন্ত্রণালয়/বিভাগ।

(আঁহার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)

৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্য ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রেরণ প্রক্রিয়া জন্য এবং গেজেটের ১০০ শত কপি প্রেরণের অনুরোধসহ)।

৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

